

স্মারক নং- ৪৫.০৩.০০.০০.০০২.০১.১১৩.১৯-৬২০

তারিখঃ ২৭/১২/২০২০খ্রি:

বিষয়ঃ পোস্ট বেসিক বিএসসি নার্সিং ও পোস্ট বেসিক বিএসসি পাবলিক হেল্থ নার্সিং/ মাস্টার্স অব সায়েন্স ইন নার্সিং (এমএসএন)/মাস্টার্স অব পাবলিক হেল্থ (এমপিএইচ) কোর্সে অধ্যয়নরত সরকারি নার্সিংগের অধ্যয়ন ত্যাগ তথা শিক্ষা ছুটি/প্রেষণ/সংযুক্তি আদেশ বাতিলকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরধীন দেশের সকল নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণসহ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত নার্স ও নার্সিং কর্মকর্তাগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, পোস্ট বেসিক বিএসসি নার্সিং ও পোস্ট বেসিক বিএসসি পাবলিক হেল্থ নার্সিং/মাস্টার্স অব সায়েন্স ইন নার্সিং(এমএসএন)/ মাস্টার্স অব পাবলিক হেল্থ(এমপিএইচ) কোর্সে ভর্তি হয়ে চাকরির পূর্ণ সুযোগ-সুবিধা গ্রহণ করে প্রেষণ/ শিক্ষা ছুটি ভোগ করে বিনা বেতনে অধ্যয়ন করেন, হোস্টেলে থাকার ফ্রি ব্যবস্থার সুযোগ পান, এবং সরকার প্রদত্ত শিক্ষাবৃত্তি (ভাতা) ও অন্যান্য সুবিধা গ্রহণ করেন। নার্সিং ও মিডওয়াইফারি সেটরে দক্ষ, যোগ্য, কর্মঠ ও সৃজনশীল সেবক, মানব সম্পদ, শিক্ষক তৈরীর লক্ষ্যে অত্র অধিদপ্তর আগ্রহী ও মেধাবী নার্সগণকে এ সুবিধা প্রদান করে আসছে এবং এর ধারাবাহিকতা অব্যাহত রয়েছে।

২। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বর্ণিত কোর্সসমূহে ভর্তি হয়ে পূর্ণ সুযোগ-সুবিধা ভোগ করে হঠাৎ করে অনেকে ভর্তি/ প্রেষণ/ শিক্ষা ছুটি বাতিলের আবেদন করে স্ব স্ব প্রতিষ্ঠান/হাসপাতালে ফিরে যেতে চান। এতে একদিকে যেমন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীর সংকট দেখা দেয় অন্যদিকে মেধাবী, যোগ্য ও আগ্রহী প্রার্থীগণ উচ্চশিক্ষার সুযোগ হতে বঞ্চিত হচ্ছে। এ লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারী করা হলোঃ

ক. কোর্স পূর্ণভাবে সমাপ্ত করার মতো সক্ষমতা না থাকলে কোর্সে ভর্তি হওয়া যাবে না;

খ. অসুস্থতা, পারিবারিক ঝামেলা, দুর্ঘটনা বা যে কোন সমস্যা হোক না কেন ভর্তিকৃত কোর্স সম্পন্ন করতে হবে। প্রয়োজনে সময় নিতে হবে এবং প্রার্থীর নিজ খরচে অতিরিক্ত সময় মঞ্জুরী আদেশ নিয়ে কোর্স সম্পন্ন করতে হবে;

গ. অসুস্থতা, পারিবারিক ঝামেলা, দুর্ঘটনা বা যে কোন সমস্যার ক্ষেত্রে প্রার্থী কোর্সে চলাকালীন যে কোন পর্যায়ে অব্যাহতি নিতে চান বা প্রেষণ/ শিক্ষা ছুটি বাতিল করে স্ব স্ব প্রতিষ্ঠান/হাসপাতালে ফেরৎ যেতে চান, তাঁদের আবেদন যৌক্তিক বিবেচিত হলে ইতোপূর্বে গৃহিত বেতন-ভাতা, শিক্ষাবৃত্তি, আবাসিক খরচসহ সরকার হতে প্রাপ্ত সমুদয় অর্থ ফেরৎ/ সরকারি কোষাগারে আবশ্যিকভাবে ফেরৎ দিতে হবে। ব্যর্থতায় বেতনভাতা/পেনশন হতে (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১। পরিচালক

জাতীয় নার্সিং উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান(নিয়ানার), মুগদা, ঢাকা।

২। পরিচালক


জাতীয় প্রতিবেদক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান(নিপসম), মহাখালী, ঢাকা।

৩। অধ্যক্ষ

পোস্ট বেসিক নার্সিং কলেজ (সকল),-----।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্ম সচিব(নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। যুগ্ম সচিব (নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এ জিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। ডিন, মেডিকেল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা/ মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/ মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী/মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ১০। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল),-----।
- ১১। সিভিল সার্জন/ সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক (সকল),-----।
- ১২। তত্ত্বাবধায়ক/সহকারি পরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/ সদর হাসপাতাল/ অন্যান্য হাসপাতাল (সকল),---।
- ১৩। সেবা তত্ত্বাবধায়ক/ উপ সেবা তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/ সদর হাসপাতাল/ অন্যান্য হাসপাতাল (সকল)-----।
- ১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল),-----।
- ১৫। সহকারি পরিচালক (সেবা), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয় (সকল),-----।
- ১৬। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জনের কার্যালয় (সকল),-----।
- ১৭। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট (সকল),-----।
- ১৮। অফিস নথিঃ


সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।